

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 30-01-2026

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) বিশ্বজুড়ে অস্থিরতা স্বত্ত্বেও ভারতের আর্থিক অগ্রগতি দৃঢ় ও গতিশীল রয়েছে বলে ২০২৫-২৬ অর্থবর্ষের অর্থনৈতিক সমীক্ষায় সরকার জানিয়েছে।
- ২) পাঁচ রাজ্য আসন্ন বিধানসভা ভোটে রাজ্যের স্বরাষ্ট্র সচিব সহ ১৫ জন আই এ এস আধিকারিককে পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করার সিদ্ধান্ত পুনর্বিবেচনার আবেদন জানিয়ে রাজ্য সরকার নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে।
- ৩) বর্ষীয়ান বিজেপি নেতা, তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রাজ্য আসছেন। একাধিক কর্মসূচীতে যোগ দেবেন তিনি।
- ৪) কলকাতা সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে অনুপ্রবেশের কারণে জনবিন্যাস বদলে যাচ্ছে বলে অভিযোগ তুলে বিজেপি দ্ব্যা সাইলেন্ট ইনভেশন- নামের একটি তথ্য চিত্র প্রকাশ করেছে।

৫) রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষাকর্মী নিয়োগের পরীক্ষার দিন ঘোষণা করেছে স্কুল সার্ভিস কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্বজুড়ে অস্থিরতা স্বত্ত্বেও ভারতের অর্থনৈতিক অগ্রগতি দৃঢ় ও গতিশীল রয়েছে এবং দেশের অভ্যন্তরীণ চাহিদাই অর্থনীতির মূল চালিকা শক্তি হিসাবে কাজ করছে বলে সরকার জানিয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ গতকাল সংসদে ২০২৫-২৬ অর্থবর্ষের অর্থনৈতিক সমীক্ষা পেশ করেন।

ইতিবাচক অগ্রগতির কথা উল্লেখ করে তাতে জানানো হয়েছে ২০২৬-এ প্রকৃত জিডিপি-র হার বৃদ্ধি হতে পারে ৭ দশমিক চার শতাংশ হারে। ২০২৭ অর্থবর্ষে এই হার ৬ দশমিক ৮ থেকে ৭ দশমিক ২ শতাংশ পর্যন্ত বাড়ার পূর্বাভাষ দেওয়া হয়েছে।

সমীক্ষায় অভ্যন্তরীণ চাহিদার পাশাপাশি শহরাঞ্চলে ভোগ ব্যয় বৃদ্ধি অর্থনৈতিক কর্মকান্ডকে আরও বাড়িয়ে তুলেছে এবং কর কাঠামো সংস্কার – এই ভোগ ব্যয় বৃদ্ধিতে সহায়ক হয়েছে বলে এই সমীক্ষায় জানানো হয়েছে। দেশে অনুৎপাদক সম্পত্তির মোট অনুপাত বহু দশকের মধ্যে সর্বনিম্ন ২ দশমিক ২ শতাংশে দাঁড়িয়েছে।

২০২৫ অর্থবর্ষে পণ্য ও পরিষেবার ক্ষেত্রে ভারতের মোট রফতানি, রেকর্ড ৮ লক্ষ ২৫ হাজার ৩-শো কোটি মার্কিন ডলারে পৌঁছেছে।

তিনি বছর ধরে আলোচনার পর ভারত – ইউরোপীয় ইউনিয়ন মুক্ত বাণিজ্য চুক্তির ঘোষণা হয়েছে বলেও সমীক্ষায় উল্লেখ করা হয়েছে।

এই অর্থনৈতিক সমীক্ষা পেশ করার পরে আজ লোকসভা ও রাজ্যসভার অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যায়। আগামী পঞ্চাশ ফেব্রুয়ারী রবিবার ২০২৬-

২৭ অর্থবর্ষে সাধারণ বাজেট পেশ হবে। বাজেট অধিবেশনের প্রথম পর্ব চলবে ১৩-ই ফেব্রুয়ারী পর্যন্ত, দ্বিতীয় পর্ব ৯-ই মার্চ থেকে শুরু হয়ে চলবে দোশরা এপ্রিল পর্যন্ত।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অর্থনৈতিক সমীক্ষা রিপোর্টকে স্বাগত জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক পোস্টে তিনি বলেন বিশ্বজুড়ে প্রতিকূল পরিবেশে দেশের সংস্কারের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

পাঁচ রাজ্যে আসন্ন বিধানসভা ভোটে রাজ্যের স্বরাষ্ট্র সচিব সহ ১৫ জন আই এ এস আধিকারিককে পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করার সিদ্ধান্ত পুনর্বিবেচনার আবেদন জানিয়ে রাজ্য সরকার নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে। ওই ১৫ জনের মধ্যে ৯ জন আধিকারিককের বিকল্প নাম রাজ্যের তরফে কমিশনের কাছে প্রস্তাব করা হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গ সহ পাঁচ রাজ্যে আসন্ন নির্বাচনের জন্য নির্বাচন কমিশন এরাজ্যে ১৫ জন আই এ এস ও ১০ জন আই পি এস আধিকারিককে কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে। এই তালিকায় রাজ্যের স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনা ছাড়াও দু-জন পুলিশ কমিশনার রয়েছেন। নিয়োগের জন্য রাজ্য সরকারের কাছে পাঁচবার আধিকারিকদের নামের তালিকা চেয়ে না পাওয়ার কারণেই কমিশন স্বতঃপ্রবোধিতভাবে ওই আধিকারিকদের বেছে নেয় বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় অবজার্ভার নিয়োগ সংক্রান্ত তালিকায় আরও একটি সংশোধনের প্রস্তাব পাঠাতে চলেছে রাজ্য। নির্বাচন কমিশনের প্রকাশিত তালিকায় কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে যে ১০ জন আইপিএস অফিসারের নাম রয়েছে, তাঁদের মধ্যে ভরতলাল মিনা এবং

ঞানিকেশ মিনা দু'জনের ক্ষেত্রে পরিবর্তনের আবেদন জানাবেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক। প্রশাসনিক সূত্রে জানা গেছে, তালিকায় থাকা এই দুই আইপিএস অফিসারের কিছু ব্যক্তিগত ও পারিবারিক সমস্যা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের SIR শুনানির সময়সীমা বাড়ানোর আবেদন জানিয়েছে ভোটকর্মী ও BLO এক্য মৎস। মৎসের সাধারণ সাধারণ সম্পাদক স্বপন মণ্ডল জানিয়েছেন বিষয়টি নিয়ে তারা মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছেন।

(বাইট - স্বপন মণ্ডল)

০০০০০০০০০০০০০০০০০০০

বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রাজ্য আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, আজ রাতে তিনি কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছাবেন। এরপর নিউটাউনে একটি বেসরকারি হোটেলে তিনি রাতে থাকবেন।

উল্লেখ্য, শনিবার ব্যারাকপুরে দলীয় কর্মসূচিতে অংশ নেবেন শ্রী শাহ।

এদিকে, আগামীকাল শিলিঙ্গড়িতে অমিত শাহের কর্মসভাকে কেন্দ্র করে তৎপরতা তুঙ্গে। সভায় কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, শিলিঙ্গড়ি সাংগঠনিক জেলায় বিপুল সংখ্যক দলীয় কর্মী উপস্থিত থাকবেন বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০

কলকাতা সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে অনুপ্রবেশের জন্য জনবিন্যাস বদলে যাচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য গতকাল

সাংবাদিক সম্মেলনে বলেন, অবাধে অনুপ্রবেশ এবং রাজনৈতিক মদত রাজ্যের আর্থ সামাজিক কাঠামোকে বিপন্ন করছে।

(বাইট - শমীক)

বিজেপি-র তরফে গতকাল দ্য সাইলেন্ট ইনভেশন নামে একটি তথ্যচিত্র প্রকাশ করা হয়।

০০০০০০০০০০০০০০০০

আই প্যাক তল্লাশিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বাধা দেওয়ার প্রতিবাদে নবান্নের সামনে ধর্না কর্মসূচির অনুমতি চেয়ে বিজেপির আবেদন প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চেও খারিজ করে দিয়েছে। এর আগে বিচারপতি শুভ্রা ঘোষ বিরোধী রাজনৈতিক দলকে ৫০ জন বিধায়ককে মন্দিরতলা বাসস্ট্যান্ডে এই ধর্না কর্মসূচি করতে অনুমতি দিয়েছিলেন। সেই নির্দেশের বিরুদ্ধে বিজেপি বিধায়ক শক্তির ঘোষ প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চের দ্বারা স্থান হন। সেই আবেদনটিই খারিজ করে দিয়েছে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চে।

০০০০০০০০০০০০০০০০

আনন্দপুরের নাজিরাবাদে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় দমকল এবং ফরেনসিক বিভাগ তদন্ত করে ঘোথভাবে প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে। মোট ৩৫ হাজার বর্গফুট আয়তনের মধ্যে মোমো-কারখানাটি ৮ হাজার বর্গফুটের ছিল বলে পুলিশের কাছে জমা দেওয়া রিপোর্টে উল্লেখ করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার নাজিরাবাদে এপর্যন্ত উদ্বার হয়েছে ২৫ জনের দেহাংশ। এই ঘটনায় নিখোঁজ ডায়রি হয়েছিল ২৭ জনের নামে। মর্মান্তিক এই অগ্নিকাণ্ডের চারদিন পরেও গতকাল দু-জনের মাথার খুলি উদ্বার হয়েছে। গতকাল মেশিনের সাহায্যে গুদামের টিনের দেওয়াল ও ছাদ ভাঙ্গার কাজ শুরু হয়। সকালের দিকে ধ্বংসস্তুপ সরানোর কাজ এগোতে থাকলে পরপর উদ্বার হতে থাকে দেহাংশ। এই আগ্নিকাণ্ডের ঘটনায় দমকল এবং ফরেনসিক বিভাগ যৌথ তদন্তের প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে। মোট ৩৫ হাজার বর্গফুট আয়তনের মধ্যে মোমো কারখানাটি ৮ হাজার বর্গফুট জুড়ে ছিল বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

এদিকে, আনন্দপুরের অগ্নিকাণ্ডের ঘটনায় শাসক দল এবং প্রশাসনকেই দায়ী করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল বিজেপি বিধায়কদের নিয়ে মিছিল করে পুলিশী অনুমতি ছাড়া ও ১৬৩ ধারার বিধিনিষেধের মধ্যেই ঘটনাস্থল পরিদর্শন করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি অভিযোগ করেন, স্থানীয় তৃণমূল কংগ্রেস এবং থানাগুলির জন্য কলকাতা সহ শহরতলির এক বৃহত্তর অংশ জতুগৃহে পরিণত হয়েছে। এই মৃত্যু মিছিলের পরেও মুখ্যমন্ত্রীর ঘটনাস্থলে না যাওয়া নিয়ে প্রশ্ন তোলেন তিনি।

(বাইট - শুভেন্দু)

অন্যদিকে, নাজিরাবাদে কারখানায় অগ্নিকাণ্ডের ফলে শ্রমিক মৃত্যুর প্রতিবাদে বিজেপির মিছিলে অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। সকাল ১১ টা থেকে বিকাল ৩.৩০ মিনিটের মধ্যে মিছিল শেষ করতে হবে এবং ২ হাজারের বেশি কর্মী সমর্থক এতে থাকতে পারবেন না বলে হাইকোর্টের নির্দেশে জানানো হয়েছে।

এর আগে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, আজ গড়িয়া শীতলামন্দির থেকে ঘটনাস্থল পর্যন্ত মিছিল করতে চাইলেও পুলিশ ১৬৩ ধারা জারি করায় অনুমতি পাওয়া যায়নি।

০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষাকর্মী নিয়োগের পরীক্ষার দিন ঘোষণা করেছে স্কুল সার্ভিস কমিশন। আগামী পঞ্জামা মার্চ গ্রুপ-সি বা করণিক নিয়োগের পরীক্ষা হবে। ৮ই মার্চ হবে গ্রুপ-ডি পদে নিয়োগের পরীক্ষা। গতকাল এই সংক্রান্ত নির্দেশিকা জারি করেছে স্কুল সার্ভিস কমিশন। দুদিনের পরীক্ষাই শুরু হবে বেলা বারোটায়। গ্রুপ-সি-র পরীক্ষার সময় এক ঘন্টা ৫০ মিনিট। গ্রুপ-ডির পরীক্ষা চলবে এক ঘন্টা কুড়ি মিনিট। দৃষ্টি সংক্রান্ত বিশেষভাবে সক্ষম ও লিখতে অসুবিধা থাকা পরীক্ষার্থীদের ৩০ মিনিট অতিরিক্ত সময় দেওয়া হবে। মোট পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ১৬ লক্ষ।

উল্লেখ্য, ২০১৬ -র প্যানেল বাতিলের পর নতুনভাবে নিয়োগ করার নির্দেশ দেওয়া হয়েছিল। ওই নির্দেশ মেনে শিক্ষক নিয়োগের পরীক্ষা সম্পন্ন হয়েছে। একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগ প্রক্রিয়াও প্রায় শেষের মুখে।

০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশ জুড়ে জাতির জনক মহাত্মা গান্ধীর ৭৮ তম প্রয়াণ বার্ষিকী তে তাকে স্মরণ করা হচ্ছে। এই দিনটি শহীদ দিবস হিসেবেও পালন করা হয়ে থাকে। সরকারি অনুষ্ঠানের পাশাপাশি বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন এর পক্ষ থেকে মহাত্মা গান্ধীর প্রয়াণ দিবস উপলক্ষে তার প্রতি শ্রদ্ধা জানাতে নানা অনুষ্ঠান ও কর্মসূচির আয়োজন করা হয়েছে। উল্লেখ্য, ভারতের স্বাধীনতা সংগ্রামের

অহিংস আন্দোলনের নেতা মহাত্মা গান্ধী ১৯৪৮ সালের ৩০ শে জানুয়ারি দিন্নিতে গুলিবিদ্ধ হয়ে প্রাণ হারান ।

০০০০০০০০০০০০০০০০০০০

শীতের আমেজ থাকলেও রাজ্যজুড়ে তাপমাত্রার পারদ ধীরে ধীরে বাড়ছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে তিন দশমিক দুই ডিগ্রি বেশি। আজ উত্তরবঙ্গের পাঁচ জেলায় এবং দক্ষিণ বঙ্গের বেশ কিছু জায়গায় বিশেষ করে পশ্চিমের জেলাগুলিতে সকালের দিকে হালকা কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে। আগামী ৭ দিনে সারারাজ্যেই শুষ্ক আবহাওয়া থাকবে এবং তাপমাত্রার বিশেষের ফের হবেনা বলে আলিপুর আবহাওয়া দণ্ডন জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০